

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫৩-আইন/২০১৭/৩৯/কাস্টমস।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ১৭ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৭৯-আইন/২০১৪/২৫১৭/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের-

- (১) শর্ত (১) উল্লিখিত “বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত এবং পেট্রোবাংলা” শব্দগুলির পরিবর্তে “বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (২) পরিশিষ্ট-১ এর অঙ্গীকারনামার ফরমে উল্লিখিত “বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর) এবং পেট্রোবাংলা” শব্দগুলি, বন্ধনী ও চিহ্নের পরিবর্তে “বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)” শব্দগুলি, বন্ধনী ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;
- (৩) পরিশিষ্ট-২ এর প্রত্যয়ন পত্রের ফরমে উল্লিখিত “বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর) এবং পেট্রোবাংলা” শব্দগুলি, বন্ধনী ও চিহ্নের পরিবর্তে “বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)” শব্দগুলি, বন্ধনী ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান

সিনিয়র সচিব